

সংস্করণ নং: ১৯২৩১/২০০৮, ১০১/২০০৯, ২৮২/২০১২

তারিখ: ২৮.১১.২০১২

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৯২৩১/২০০৮ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-২৮২/২০১২ মোকদ্দমায়
গত ২৮.১১.২০১২ তারিখের আদেশ


সূত্র: সহকারী তারিখ: ১০-১-২০১৮ খ্রিঃ, সহকারী রেজিষ্টার, হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, যশোর জেলা পরিষদের মালিকানাধীন জমিতে সড়ক ও জনপথ বিভাগ, যশোর এর নিয়ে গঠিত হিটসব কর্তৃক নিলামে গাছ কর্তন করতে না পারার কারণে রীট পিটিশন নং-৯২৩১/২০০৮ দায়ের করা হয়। রীটের অপরাপর প্রতিপক্ষ হলেনঃ সচিব, যোগাযোগ মন্ত্রণালয় ১নং প্রতিপক্ষ, সচিব, স্থানীয় সরকার বিভাগ ২নং প্রতিপক্ষসহ মোট ৪ জন। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণকে কার্যাদেশে বর্ণিত গাছের বিষয়ে কোন সিদ্ধান্ত না নেয়ার নির্দেশ দেন। উক্ত রীট পিটিশনের গত ০২-১১-২০০৯ তারিখের রায়ে আদেশ প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে বিষয়টি নিষ্পত্তির জন্য প্রতিপক্ষের প্রতি আদেশ দেয়া হয়। উক্ত আদেশ মোতাবেক বিষয়টি সুরাহা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) বরাবরে গত ২১-১২-২০০৯খ্রিঃ তারিখে অনুরোধ করা হয়। হাইকোর্টের উক্ত নির্দেশ নোটিশ প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে বাস্তবায়ন করা না হলে কনটেম্পট পিটিশন দায়ের করা হবে মর্মে মহানার বাদী কর্তৃক গত ২৪-০৯-২০১২খ্রিঃ তারিখে উকিল নোটিশ প্রদান করা হয়েছে। উক্ত উকিল নোটিশের প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে দফাওয়ারী জবাব ২(দুই) সেট অতি সত্তর এ বিভাগে প্রেরণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, যশোর ও বিনাইদহকে গত ১৮-১০-২০১২খ্রিঃ তারিখে অনুরোধ করা হয়। রায় বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার কনটেম্পট পিটিশন ২৮২/২০১২ দায়ের করেন। উক্ত কনটেম্পট পিটিশনে জনাব আবু আলম শহীদ খান, সচিব, স্থানীয় সরকার বিভাগকে ১নং প্রতিপক্ষ এবং এম.এ.এন সিদ্দিক, সচিব, যোগাযোগ মন্ত্রণালয়কে ২নং প্রতিপক্ষভুক্ত করা হয়েছে। গত ২-১১-২০০৯ তারিখের রায় বাস্তবায়ন না করায় আদালত অবমাননার দায়ে কেন শাস্তি প্রদান করা হবে না সে মর্মে প্রতিপক্ষগণকে কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। পরবর্তীতে কনটেম্পট পিটিশন নং-২৮২/২০১২ মোকদ্দমায় গত ২৮.১১.২০১২ তারিখের আদেশে স্থানীয় সরকার বিভাগের বর্তমান সচিব মহোদয়কে ৩নং প্রতিপক্ষভুক্ত করা হয়েছে।

২. এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-২৮২/২০১২ ও রীট পিটিশন নং- ৯২৩১/২০০৮ এর রায়ের আলোকে গৃহীত পদক্ষেপ এবং ঘটনার একটি পূর্ণাঙ্গ বিবরণী পত্র প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩. বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: আদেশের কপি -----ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব (আইন)

৯৫৪০৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা

যশোর জেলা পরিষদ

যশোর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।

২। উপসচিব (জেলা পরিষদ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।

৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। কম্পিউটার প্রোগ্রামার (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।